

Prime Minister attends the National Day Programme

March 26, 2021

প্রধানমন্ত্রী বাংলাদেশের জাতীয় দিবসের অনুষ্ঠানে যোগ দিয়েছেন

মার্চ 26, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর দুদিনের বাংলাদেশ সফরকালে সে দেশের জাতীয় দিবসের অনুষ্ঠানে যোগ দেন। অনুষ্ঠানে বাংলাদেশের রাষ্ট্রপতি জনাব মোহাম্মদ আবদুল হামিদ, প্রধানমন্ত্রী শেখ হাসিনা, মুজিবুর রহমানের ছোট মেয়ে শেখ রেহানা সহ বিশিষ্ট ব্যক্তির উপস্থিতি ছিলেন। মূল অনুষ্ঠানটি হয় তেজগাঁওয়ের জাতীয় প্যারেড স্কোয়ারে। বাংলাদেশের জাতীয় পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী স্বরণে জাতীয় দিবসের অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে কোরান, ভাগবত গীতা, ত্রিপিটক এবং বাইবেল সহ পবিত্র গ্রন্থ থেকে পাঠ করা হয়।

বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে লোগো উন্মোচনের পর 'দ্যা শাস্বত মুজিব' নামে একটি ভিডিও প্রদর্শন করা হয়। একটি থিম সং এর আয়োজন করা হয়। এর পাশাপাশি 'অনন্ত কালীন মুজিব' নামে একটি অ্যানিমেশন ভিডিও উপস্থাপনা করা হয়। এছাড়া বাংলাদেশের সশস্ত্র বাহিনীর একটি বিশেষ অনুষ্ঠানও প্রদর্শিত হয়।

মুজিব বর্ষ উদযাপন কমিটির প্রধান কর্মকর্তা কামাল আবদুল নাসের চৌধুরী স্বাগত বক্তব্য রাখেন। তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধে সরাসরি অংশ নেওয়া ভারতের সশস্ত্র বাহিনীর প্রবীণদের উপস্থিতির জন্য উষ্ণ অভিনন্দন জানান।

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ২০২০ সালের গান্ধী শান্তি পুরস্কার মরণোত্তর ভাবে শেখ মুজিবুর রহমানকে দেওয়ার কথা ঘোষণা করে সেই পুরস্কার তিনি বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং শেখ রেহানার হাতে তুলে দেন। সেদেশের অহিংস আন্দোলনে এবং সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সংস্কারে বঙ্গবন্ধুর অসামান্য অবদানের কথা শ্রী নরেন্দ্র মোদী উল্লেখ করেন।

প্রধানমন্ত্রী তাঁর ভাষণে দুদেশের দ্বিপাক্ষিক সম্পর্কের বিভিন্ন দিকের কথা উল্লেখ করেন। শেখ রেহানা প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদীর হাতে চিরন্তন মুজিব মেমেন্টো প্রদান করেন।

ওই অনুষ্ঠানে বাংলাদেশের রাষ্ট্রপতি জনাব মোহাম্মদ আবদুল হামিদ ভারতের প্রধানমন্ত্রী ও এদেশের জনগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। মুক্তিযুদ্ধে ভারতের ভূমিকার তিনি প্রশংসা করেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার ভাষণে করোনা অতিমারি সত্বেও শ্রী নরেন্দ্র মোদী ব্যক্তিগতভাবে অনুষ্ঠানে যোগ দেওয়ায় আন্তরিকভাবে কৃতজ্ঞতা প্রকাশ করেন। বাংলাদেশ সরকারকে সর্বতোভাবে সহযোগিতার জন্য তিনি ভারত সরকারের প্রশংসা করেন।

এই অনুষ্ঠানে পণ্ডিত অজয় চক্রবর্তী রাগ সংগীত পরিবেশন করে দর্শকদের মন্ত্রমুগ্ধ করে রাখেন। সংগীত পরিচালক এ আর রহমানের একটি উপস্থাপনা অনেকেরই মন জয় করে। সেদিনের ওই অনুষ্ঠান সঙ্গীত, নৃত্য এবং নাট্য পরিবেশনার মধ্য দিয়ে শেষ হয়।

ঢাকা

মার্চ 26, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.